দৈনিক সংবাদ 20

তারিখ ... 15 FEB 1990 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... 2 ...

# পাবনায় ৮৫ হাজার ছাত্র-ছাত্রী এখনো বই পায়নি

সাঁথিয়া (পাবনা), ১৩ই ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।—পাবনা জেলার প্রাথমিক বিদ্যালয়গুলোর প্রায় ৮৫ হাজার ছাত্র-ছাত্রী এখনো বিনামূল্যে বিতরণকৃত বই পায়নি। প্রাক প্রথম শ্রেণীর ৪৫ হাজার এবং প্রথম থেকে ৫ম শ্রেণীর ৪০ হাজার ছাত্র-ছাত্রী এই রিপোর্ট লেখা পর্যন্ত বই পায়নি।

জেলার মোট ৬শ' ৬৩টি সরকারী, ১শ' ২৮টি বেসরকারী রেজিষ্ট্রীকৃত এবং ৪৯টি অরেজিষ্ট্রিকৃত প্রাথমিক বিদ্যালয়ের জন্য বই-এর চাহিদা ছিল প্রাক প্রথম শ্রেণী ৬৫ হাজার ৩শ' ৫০ সেট সেখানে জেলায় বই এসেছে মাত্র ২০ হাজার ৩শ' ৫০ সেট। প্রথম শ্রেণীর চাহিদা ছিল ৬৮ হাজার ৮শ' ৯১ সেট দ্বিতীয় শ্রেণীর চাহিদা ছিল ৫৬ হাজার ৩শ' ৮৬ সেট বই এসেছে ৫০ হাজার ৭শ' সেট। তৃতীয় শ্রেণীতে চাহিদা ছিল ৪৭ হাজার ২শ' ১৪ সেট বই এসেছে ৪১ হাজার ৬শ' ৬০ সেট। চতুর্থ শ্রেণীর চাহিদা ছিল ৩৩ হাজার ৮শ' ৯৩ সেট বই পাওয়া গেছে ৩০ হাজার ৮শ সেট। পঞ্চম শ্রেণীর জন্য বই দরকার ২৬ হাজার ২শ' ১৮ সেট বই পাওয়া গেছে ২৩ হাজার ৮শ' ১০ সেট। প্রথম শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত বই এসেছে ২০ শতাংশ কম। সাঁথিয়া, সুজানগর, চাটমোহর, ঈশ্বরদী ও সদর উপজেলার পঞ্চম শ্রেণীর প্রায় ৬ হাজার ছাত্র-ছাত্রী বই পায়নি। এবার চতুর্থ শ্রেণী থেকে পঞ্চম শ্রেণীতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রী সংখ্যা পূর্ববর্তী বছরগুলোর তুলনায় বেশী। পাবনা সদর ঈশ্বরদী, আটঘড়িয়া, সুজানগর, ভাঙ্গুড়া ও বেড়া উপজেলার ৩৮ হাজার ৫শ' প্রথম থেকে পঞ্চম শ্রেণীর ছাত্র-ছাত্রী বই পায়নি।